**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ গ্যাংটকে অনুষ্ঠিত উত্তর পূর্বাঞ্চলীয় বিদ্যুৎ ব্যবস্থাপনা সম্পর্কিত বৈঠকে রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থার আধুনিকীকরণ নিয়ে আলোচনা করেন।**

**(২) মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন রাজ্যের মৎস্য চাষীদের আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলার পাশাপাশি গ্রামীণ অর্থনীতিতে বড় ভূমিকা পালন করছেন মৎস্য আধিকারিকরা।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যখন যুবসমাজ জাতি গঠনে অংশগ্রহণ করে, তখন জাতি দ্রুত বিকশিত হয় এবং বিশ্বে তার চিহ্ন তৈরি করে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।**

*******************************************

**Ratanlal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ গ্যাংটকে কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী মনোহর লালের উপস্থিতিতে অনুষ্ঠিত উত্তর পূর্বাঞ্চলীয় বিদ্যুৎ ব্যবস্থাপনা সম্পর্কিত বৈঠকে রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থার আধুনিকীকরণ নিয়ে আলোচনা করেন। মন্ত্রী জানান রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থার সার্বিক উন্নয়নে কেন্দ্রীয় সরকার সকল প্রকার সহযোগিতা করবেন বলে কেন্দ্রীয় মন্ত্রী আশ্বস্ত করেছেন।

বিদ্যুৎমন্ত্রী শ্রী নাথ সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাঙের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ করেন। উভয়ের মধ্যে উন্নয়ন সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি শ্রী তামাংকে ত্রিপুরাবাসীর তরফ থেকে ঐতিহ্যপূর্ণ রিসা এবং মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরের প্রতিকৃতি দিয়ে সংবর্ধনা জানান শ্রী নাথ।

****************************

**Fishery Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন রাজ্যের মৎস্য চাষীদের আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলার পাশাপাশি গ্রামীণ অর্থনীতিতে বড় ভূমিকা পালন করছেন মৎস্য আধিকারিকরা। আজ ত্রিপুরা গ্রাজুয়েট ফিশারিজ অফিসার্স এসোসিয়েশনের পঞ্চম দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন তিনি। শ্রী দাস আরো বলেন রাজ্যে ৯৮% মানুষ মাছ খান। কিন্তু সেই তুলনায় উৎপাদনের কিছুটা ঘাটতি রয়েছে। রাজ্যে বর্তমানে মাছের চাহিদা রয়েছে ১ লক্ষ ১৭ হাজার মেট্রিক টন। সেই ক্ষেত্রে রাজ্যে মাছের উৎপাদন হচ্ছে ৮৫ হাজার মেট্রিক টন। পার্শ্ববর্তী রাজ্য থেকে মাছ এনে এই ঘাটতি পূরণ করা হচ্ছে। রাজ্য সরকার উৎপাদন বাড়ানোর জন্য প্রতিনিয়ত চেষ্টা করছে। পরিত্যক্ত জলাশয়গুলিকে কাজে লাগিয়ে মাছের উৎপাদন বাড়ানোর লক্ষ্যে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বিভিন্ন প্রকল্প জমা দেওয়া হয়েছে। সময়ে সময়ে কেন্দ্রীয় সরকার এ বিষয়ে সাহায্য করে যাচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ সংগঠনের সভাপতি, সম্পাদক সহ অন্যান্যরা। সম্মেলনের শুরুতে পহেলগামে সন্ত্রাসীদের হাতে নিহত ব্যক্তিদের স্মরণে দুই মিনিট নীরবতা পালন করা হয়।

****************************

**Veterinary Day :**

আজ বিশ্ব ভেটেরিনারি দিবস। এই উপলক্ষে ত্রিপুরা ভেটেরিনারি কাউন্সিল ও ভেটেরিনারি ডক্টরস অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে আজ আগরতলায় এক সচেতনতামূলক রেলি হয়। স্বামী বিবেকানন্দ ময়দান থেকে রেলি শুরু

হয় শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। রেলি উপলক্ষে জমায়েতে ত্রিপুরা ভেটেনারি কাউন্সিলের সাধারণ সম্পাদক ডঃ সুজিত সাহা বলেন এই দিবস পালনের মূল লক্ষ্য হচ্ছে প্রাণী চিকিৎসকদের সম্মান জানানো। এবারের বিশ্ব ভেটেরিনারি দিবসের মূল ভাবনা "পশু স্বাস্থ্য রক্ষায় সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ"। চিকিৎসক, প্যারা ভেটেরিনারি, কৃষক, সরকার, স্বেচ্ছাসেবী সংগঠন সবাই মিলে পশুদের রক্ষায় সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করা। মানুষকে সচেতন করা যাতে পশুদের নিষ্ঠুর আচরণ ও তাদের হত্যা না করা ও অবহেলার চোখে না দেখে সেই ক্ষেত্রে সহৃদয় হওয়া। তিনি বলেন সুন্দর সমাজ গড়ার লক্ষ্যে পশু স্বাস্থ্য রক্ষা অত্যন্ত জরুরি। মানুষকে এ বিষয়ে সচেতন করতে হবে। আজকের এই রেলিতে উপস্থিত ছিলেন প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা ডঃ বিমল কৃষ্ণ দাস, ত্রিপুরা ভেটেরিনারি কাউন্সিলের সভাপতি ডক্টর চিন্টু দেববর্মা সহ অন্যান্যরা।

পরে ত্রিপুরা ভেটেরিনারি কাউন্সিল ও ভেটেরিনারি ডক্টরস অ্যাসোসিয়েশনের উদ্যোগে আগরতলার সুপারি বাগান স্থিত দশরথ দেব স্মৃতিভবন আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেন আগামী দিনে আরো নতুন নতুন প্রকল্পের মাধ্যমে পশুপালকদের স্বনির্ভর করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে সরকার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের সচিবকে শশী কুমার সহ অন্যান্য বিশিষ্ট জনেরা।

*******************************

**Arrest :**

সামাজিক মাধ্যমে পহেলগাম সন্ত্রাসী হামলার সঙ্গে সম্পর্কিত পোস্টের জন্য ত্রিপুরায় চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। গত ২৪ ঘন্টায় রাজ্যের তিনটি জেলা থেকে দুই অবসরপ্রাপ্ত শিক্ষক সহ চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। একজন পুলিশ কর্মকর্তা জানিয়েছেন যে ধলাই জেলার আমবাসা থেকে একজন অবসরপ্রাপ্ত শিক্ষক এবং একজন ছাত্র নেতাকে গ্রেপ্তার করা হয়েছে এবং উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর থেকে আরেক অবসরপ্রাপ্ত শিক্ষককে গ্রেপ্তার করা হয়েছে।

সিপাহীজলা জেলার সোনামুড়া থেকে এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। চারজনের মধ্যে সোনামুড়া থেকে গ্রেপ্তার যুবককে মুক্তি দেওয়া হয়েছে তবে নতুন ভারতীয় ন্যায় সংহিতা আইন অনুসারে তাকে ছয় মাস নজরদারি এবং তত্ত্বাবধানে রাখা হবে।

এদিকে, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী বলেছেন যে ধলাই জেলার গ্রেফতার হওয়া অবসরপ্রাপ্ত শিক্ষক এবং ছাত্র নেতা কোনও দেশবিরোধী মন্তব্য করেননি, তারা জাতীয় সংহতি তুলে ধরে তাদের পোস্ট করেছিলেন।

ত্রিপুরা পুলিশ তাদের এক্স হ্যান্ডেলে একটি পোস্টে বলেছে যে তাদের নজরে এসেছে যে কিছু ব্যক্তি সামাজিক মাধ্যমে উস্কানিমূলক এবং বিভ্রান্তিকর বার্তা প্রচার করছে। পুলিশ জানিয়েছে  এই ধরনের বিষয় ফরোয়ার্ড করা, শেয়ার করা বা তৈরি করা আইনত অপরাধ। এই ধরনের কার্যকলাপে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে পুলিশ জানিয়েছে।

পুলিশ সকলকে কোনও উস্কানিমূলক এবং বিভ্রান্তিকর বার্তায় মনোযোগ না দিতে বা ফরোয়ার্ড না করার জন্যও অনুরোধ করেছে।

এছাড়াও সকল নাগরিককে সতর্ক থাকার জন্য এবং এই ধরনের যেকোনো বেআইনি কার্যকলাপের বিষয়ে অবিলম্বে পুলিশকে জানানোর জন্য অনুরোধ করা হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল আটটি জেলার পুলিশ সুপারদের রাজ্যে কোনও পাকিস্তানি নাগরিকের উপস্থিতি সম্পর্কে নিয়মিতভাবে মুখ্যমন্ত্রীর সচিবালয়ের সঙ্গে প্রয়োজনীয় তথ্য ভাগ করে নেওয়ার নির্দেশ দিয়েছেন।

মুখ্যমন্ত্রীর কার্যালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন যে, জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী আটটি জেলার জেলা ম্যাজিস্ট্রেটদের সর্বদা সতর্ক থাকতে বলেছেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM, Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যখন যুবসমাজ জাতি গঠনে অংশগ্রহণ করে, তখন জাতি দ্রুত বিকশিত হয় এবং বিশ্বে তার চিহ্ন তৈরি করে। তিনি বলেন, আজ দেশের যুবসমাজ তাদের কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে বিশ্বকে দেখিয়ে দিচ্ছে যে জাতির কত সম্ভাবনা রয়েছে। আজ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তরে নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীকে নিয়োগপত্র বিতরণের পর রোজগার মেলায় ভাষণ দিচ্ছিলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, আজ যে যুবকরা তাদের নিয়োগপত্র পেয়েছেন, তাদের উপর দেশের অর্থনীতি, অভ্যন্তরীণ নিরাপত্তা, আধুনিক পরিকাঠামো উন্নয়ন এবং শ্রমিকদের জীবনে পরিবর্তন আনার বড় দায়িত্ব রয়েছে। তিনি বলেন, তারা তাদের কাজের প্রতি যত বেশি সৎ থাকবেন, ততই তারা বিকশিত ভারতের যাত্রাকে সমর্থন করবেন।

#######Byte-PM######

শ্রী মোদী বলেন, বাজেটে সরকার একটি উৎপাদন মিশন ঘোষণা করেছে এবং এর লক্ষ্য হল মেক ইন ইন্ডিয়াকে উৎসাহিত করা এবং ভারতের যুবসমাজকে বিশ্বমানের পণ্য তৈরির সুযোগ দেওয়া। তিনি বলেন, এটি কেবল লক্ষ লক্ষ অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করবে না, বরং দেশজুড়ে নতুন কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে। প্রধানমন্ত্রী বলেন, কয়েকদিনের মধ্যেই মুম্বাইতে বিশ্ব অডিও ভিজ্যুয়াল এবং বিনোদন শীর্ষ সম্মেলন WAVES 2025 আয়োজন করা হতে চলেছে। তিনি বলেন, এই অনুষ্ঠানের কেন্দ্রবিন্দুতে দেশের যুবসমাজও রয়েছে। তিনি বলেন, দেশের তরুণ নির্মাতারা প্রথমবারের মতো এমন একটি প্ল্যাটফর্ম পাচ্ছেন। প্রধানমন্ত্রী বলেন, "মিডিয়া, গেমিং এবং বিনোদন ক্ষেত্রের উদ্ভাবকদের প্রতিভা প্রদর্শনের জন্য এটি একটি অভূতপূর্ব উদ্যোগ।

তিনি বলেন, দেশের মহিলারা শাসনতন্ত্র, মহাকাশ এবং বিজ্ঞানের ক্ষেত্রে নতুন উচ্চতায় পৌঁছে যাচ্ছেন। প্রধানমন্ত্রী বলেন, গ্রামীণ মহিলাদের ক্ষমতায়নের উপরও সরকারের বিশেষ মনোযোগ রয়েছে।

আজ সারা দেশের ৪৭টি স্থানে পঞ্চদশ রোজগার মেলা অনুষ্ঠিত হয়েছে। নতুন নিয়োগপ্রাপ্তরা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগে যোগদান করবেন যার মধ্যে রয়েছে রাজস্ব বিভাগ, কর্মী ও জনঅভিযোগ ও পেনশন মন্ত্রক, স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক বিভাগ, উচ্চশিক্ষা বিভাগ, রেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক সহ অন্যান্য মন্ত্রক।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব

চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*********************************

**Pope francis Funeral :**

ভ্যাটিকান সিটির খ্রীষ্ট ধর্মপ্রধান প্রয়াত পোপ ফ্রান্সিসের অন্ত্যেষ্টি ক্রিয়া আজ সম্পন্ন হয়েছে। ভারতীয় সময় বেলা দেড়টায় ভ্যাটিকান শহরে সেন্ট পিটার স্কোয়ারে শুরু হয় অন্তিম শোভযাত্রা ও অন্তেষ্টি পর্ব। এতে পৌরোহিত্য করেন কার্ডিনাল রে। বিভিন্ন রাষ্ট্রীয় প্রধান ও কয়েক হাজার ক্যাথলিক যোগ দেন এই শেষকৃত্যানুষ্ঠানে। প্রয়াত পোপের প্রতি শ্রদ্ধা জানাতে সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ রাষ্ট্রীয় শোক পালিত হচ্ছে।

*******************************

**Health Secretary :**

রাজ্য সরকারের স্বাস্থ্য সচিব কিরন গিত্যে জানিয়েছেন রাজ্য সরকার আগরতলা জিবি হাসপাতাল ও সরকারী মেডিক্যাল কলেজে হৃদরোগ চিকিৎসায় CARDIAC CATHETERIZATION LAB বা CATH LAB স্থাপনে ১৩ কোটি টাকার মঞ্জুরি দিয়েছে। তাছাড়া আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে সুপার স্পেশালিটি হাসপাতালের জন্য আধুনিক সরঞ্জাম কেনার জন্য ৫৬ কোটি টাকার অন্য এক প্রকল্প নিয়ে রাজ্য সরকার বহি:রাজ্যের সংস্থার সঙ্গে আলোচনা করছে। আজ আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য সচিব শ্রী গিত্যে এই সংবাদ জানান। তিনি জানান, রাজ্যে টেলি মেডিসিন পরিসেবার জন্য লখনৌ-এর সঞ্জয় গান্ধী পোস্ট গ্রাজুয়েট ইনস্টিটিউটের সঙ্গেও আলোচনা চালাচ্ছে রাজ্য সরকার। স্বাস্থ্য সচিব জানান, রাজ্যের বহু পুরানো ও এফারেল হাসপাতাল জি বি হাসপাতাল এবং সরকারী মেডিকাল কলেজের উপর রোগীর চাপ বেশি। রাজ্যের এবং বহি:রাজ্যের রোগীরাও এই হাসপাতালে চিকিৎসা করাতে আসেন। আয়ুস্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা এবং মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সাম্প্রতিক কিছু পরিসংখ্যান উল্লেখ স্বাস্থ্য সচিব জানান, গত বছর শুধু জিবি হাসপাতালেই প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ১৪ হাজার ২২২ জন

এবং মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৭ হাজার ৩ জন অর্থাৎ ২১ হাজারের বেশি রোগী চিকিৎসা করিয়েছেন।

#####Byte-Kiran Gitte#######

সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য অধিকর্তা ডা: তপন মজুমদার ও জিবি হাসপাতালের সুপার ডা:শঙ্কর চক্রবর্তী উপস্থিত ছিলেন।

*************************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে পোলস্টার ক্লাব ১০০ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে, মেলাঘরের মাঠে শতদল সংঘ ২ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে কসমোপলিটান ক্লাব ৬ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, ঊনকোটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ডিগ্রি সেলসিয়াস।

****************************